দৈনিক ইনকিলাব
তারিখ ... ৩১-৮-৮৯ ... পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষে ২০ জন আহত

॥ নিজস্ব সংবাদদাতা ॥

ময়মনসিংহ, ৩০ আগস্ট।— সিট দখলকে কেন্দ্র করে কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র দল ও ছাত্র লীগের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। আহতদের ৩ জনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত পরশু রাতে সিট দখল নিয়ে ছাত্র দল নেতা প্রিন্সকে মারধরের পর থেকে এ

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## কৃষি বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বিরোধের শুরু হয়। গতকাল দু'পক্ষের সংঘর্ষে ২ শতাধিক রাউণ্ড গুলী বর্ষিত হয়। বাকসু অফিসসহ ৪০টি কক্ষ ভাঙচুর করা হয়। বিশ্ববিদ্যালয় এখন ছাত্র দলের দখলে। ক্যাম্পাসে বিপুল পুলিশ মোতায়েন করা হয়েছে।

আজ বিকেল ৩টায় বিশ্ববিদ্যালয় শিক্ষক পরিষদ ও পরিবেশ পরিষদের বৈঠক শুরু হয়। অধিকাংশ ছাত্র-ছাত্রী হল ত্যাগ করেছে। ছাত্র দল, ছাত্র ফ্রন্ট ছাত্র শিবির ও ছাত্র ইউনিয়ন বিশ্ববিদ্যালয় বন্ধ না করার দাবীতে ভিসি'র বাসভবন ঘেরাও করে। সন্ত্রাস বন্ধের প্রতিবাদে ছাত্র দল ও ছাত্র লীগ আজ শহরে দু'টি পৃথক মিছিল বের করে। মিছিল চলাকালে একটি গাড়ী ভাঙচুর হয়।

10